# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ সুমন অষ্টম শ্রেণির ছাত্র। তার বাবা-মা প্রায়ই তার সামনে ঝগড়া বিবাদে লিপ্ত হয়। সুমন বাবা-মায়ের সঙ্গ না পেয়ে প্রতিবেশি দুষ্ট প্রকৃতির বন্ধুদের সাথে মেলামেশা করে। ফলে তার মাঝে অনেক নেতিবাচক আচরণ লক্ষ্য করা যায়।

ক. টুইটার কী? ১

খ. সামাজিকীকরণ একটি চলমান প্রক্রিয়া— ব্যাখ্যা করো। ২

গ. সুমনের সামাজিকীকরণের ক্ষেত্রে তার বন্ধুদের প্রভাব ব্যাখ্যা করো। ৩

ঘ. সুমনের বাবা-মায়ের আচরণের পরিবর্তনই পারে তার সুষ্ঠু সামাজিকীকরণের বিকাশ ঘটাতে— তোমার মতামত দাও। ৪

২. ★

| |
|---|
| ছক—ক: নিরক্ষরতা দূরীকরণ, নারী শিক্ষার প্রসার, নাগরিকদের চিকিৎসা সেবা নিশ্চিতকরণ। |
| ছক—খ: বাল্যবিবাহ রোধ, সচেতনতা কার্যক্রম, প্রশিক্ষণ প্রদান, পরিকল্পিত পরিবার গড়ার লক্ষ্য নিশ্চিতকরণ। |

ক. জনসংখ্যা সম্পর্কে বাংলাদেশের স্লোগান কী? ১

খ. কমিউনিটি ভিত্তিক পরিবার-পরিকল্পনা প্রকল্প বলতে কী বোঝ? ২

গ. উপরে উল্লিখিত 'ক' ছকের কার্যক্রম কোন কর্তৃপক্ষের উদ্যোগে সম্পাদিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'খ' ছকের উদ্যোগগুলো কার্যকরের মাধ্যমে একটি রাষ্ট্রের জনসংখ্যা নিয়ন্ত্রণ সম্ভব-বিশ্লেষণ করো। ৪

৩. ▶ ক—শিল্প: ২০১২-১৩ অর্থবছরের মার্চ মাস পর্যন্ত ৮০৯০ মিলিয়ন ডলার আয় করেছে। এখানে প্রায় ৪০ লাখ শ্রমিক কাজ করে।

খ—শিল্প: ২০০৯-১০ অর্থবছরে বাংলাদেশে ৩২ কোটি মার্কিন ডলার আয়

https://teachingbd24.com

করেছে। ১৯৫১ সালে নারায়ণগঞ্জে প্রথম কারখানা প্রতিষ্ঠিত হয়। বর্তমানে দেশে ৭৬টি কারখানা আছে।


ক. বর্তমানে বাংলাদেশে কয়টি সিমেন্ট কারখানা আছে? ১

খ. বাংলাদেশকে নদীমাতৃক দেশ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' শিল্পটির পরিচয় ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'ক' শিল্পটি বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪. ▶




ক. বাংলাদেশের গ্রামাঞ্চলে স্থানীয় সরকার কাঠামো কয় স্তর বিশিষ্ট্য? ১

খ. যে কোনো দেশের জন্য সংবিধান জরুরি কেন? ২

গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানীয় সরকারটির গঠন কাঠামো বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের স্থানটির কাজের সাথে পৌরসভার কাজের মিল আছে কি? তোমার মাতমত দাও। ৪

৫.▶ জমিদার নাজের আলীর মৃত্যুর পর তার স্ত্রী সন্তানদ্বয়ের উপর দায়িত্ব বণ্টন করে দেন। তিনি তার নিজপুত্র খতিজার উপর রাজস্ব আদায় ও প্রতিরক্ষার দায়িত্ব ও সৎপুত্র সামাদের উপর শাসন ও বিচার বিভাগের দায়িত্ব ন্যস্ত করেন।

ক. বাংলায় স্বাধীন সুলতানি শাসনের অবসান ঘটে কত সালে? ১

খ. ঔপনিবেশিক শাসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনাটি কোন ঐতিহাসিক ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩


ঘ. উক্ত ঐতিহাসিক ঘটনার ফল ছিল সুদূরপ্রসারী— বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬.▶ স্বাধীনতা দিবসের কুচকাওয়াজ দেখার জন্য মতিন সাহেব তার আট বছর বয়সের ছেলেকে নিয়ে স্টেডিয়ামে যান। তখন মাইকে বজ্রকণ্ঠে একটি ভাষণ চলছিল; যার কথাগুলো ছিল— 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'

Teachingbd24.com

ক. কত তারিখে প্রেসিডেন্ট ইয়াহিয়া খান জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণা করেন? ১
খ. মুজিবনগর সরকার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ভাষণটির প্রেক্ষাপট ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত ভাষণটি মুক্তিযুদ্ধের প্রধান নিয়ামক? বিশ্লেষণ করো। ৪

৭. ▶




ক. ছাত্র সংগ্রাম পরিষদ কত তারিখে গঠিত হয়? ১
খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ২
গ. মানচিত্রে 'A' চিহ্নিত স্থানে মুক্তিযুদ্ধের কোন সেক্টরটি ছিল? ব্যাখ্যা করো।৩
ঘ. মানচিত্রের 'B' স্থানে সেক্টর মুক্তিযুদ্ধের সূচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে— বিশ্লেষণ করো। ৪

৮. ▶

| | |
|---|---|
| শিল্প-A | দূকুল, পত্রোর্ণ, ক্ষৌম, কার্পাস |
| শিল্প- B | বৈষ্ণব পদাবলি, মঙ্গলকাব্য, পুঁথি, গদ্য |

ক. সংস্কৃতি কী? ১
খ. টেরাকোটা বলতে কী বোঝ? ২
গ. A তে যে শিল্পের কথা বলা হয়েছে, তা ব্যাখ্যা করো। ৩
ঘ. B শিল্প বিকাশের ধারাবাহিকতা বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯. ★ মনিরের জন্মদিনে তার মা তাকে ১টি মাটির তৈরি ব্যাংক উপহার দিলেন। মনির উপহার পেয়ে খুশি হয়ে তার পছন্দের ১টি লোকসংগীত পেয়ে তার বাবা-মাকে খুশি করল।

ক. বাংলা সাহিত্যের আদি নিদর্শন কোনটি? ১

খ. পুঁথিসাহিত্য বলতে কী বোঝায়? ২

গ. জন্মদিনে মনিরের পাওয়া উপহারটি যে শিল্পের নিদর্শন বহন করে তার বিবরণ দাও। ৩

ঘ. আধুনিক নগরশিল্প-সাহিত্যের কবল থেকে মনির পরিবেশিত শিল্প রক্ষা করার উপায় বিশ্লেষণ করো। ৪

১০. ▶ দৃশ্যকল্প—১: বিদেশে কর্মরত ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রেরিত অর্থ হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত থাকে না।

দৃশ্যকল্প—২: দেশি ও বিদেশি সকল জনগণের উৎপাদিত দ্রব্য ও সেবা হিসাবে বিবেচনা করা হয়।

ক. মাথাপিছু আয় কী? ১

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়? ২

গ. দৃশ্যকল্প—১ এ অর্থনীতির কোন সূচক নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্পে বর্ণিত সূচকদ্বয়ের বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন ঘটে— বিশ্লেষণ করো। ৪

১১. ★




ক. সাঁওতাল সমাজের মূলভিত্তি কী? ১

খ. সাংগ্রাই উৎসব কী? ব্যাখ্যা করো। ২

গ. মানচিত্রে A চিহ্নিত স্থানে বসবাসকারী প্রধান ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক জীবন বর্ণনা করো। ৩

ঘ. C চিহ্নিত স্থানের নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবনের সাথে B স্থানের নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবনের পার্থক্য রয়েছে— মতামত দাও। ৪

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ কীভাবে বাংলা ইসলাম ধর্মের সংস্পর্শে আসে?
ক সেনদের মাধ্যমে খ তুর্কিদের মাধ্যমে
গ ইংরেজদের মাধ্যমে ঘ আফগানদের মাধ্যমে

২. ইংরেজ ও মাড়োয়ারি বণিকদের ষড়যন্ত্র নবাবের পরাজয়ের অন্যতম কারণ। এতে বোঝা যায়—
ক ব্যবসায়ীরা প্রভাবশালী ছিল
খ ব্যবসায়ীরা যুদ্ধবাজ ছিল
গ ব্যবসায়ীরা সচেতন ছিল
ঘ ব্যবসায়ীরা ধূর্ত ছিল

৩. ব্রিটিশদের অনুগত জমিদার শ্রেণি তৈরির পেছনে কোন কারণটি যৌক্তিক?
ক এ দেশে শান্তি প্রতিষ্ঠা
খ অর্থনৈতিক উন্নয়নের গতিশীলতা আনায়ন
গ এ দেশ থেকে ফায়দা উসুল
ঘ সুশাসন নিশ্চিত করা

৪. ★ মুজিবনগর সরকারের শপথবাক্য পাঠ করান কে?
ক আবদুল হান্নান
খ তাজউদ্দীন আহমদ
গ অধ্যাপক ইউসুফ আলী
ঘ সৈয়দ নজরুল ইসলাম

৫. কেন অসহযোগ আন্দোলন সংঘটিত হয়েছিল?
ক বাংলার স্বাধীনতা আদায়ের জন্য
খ পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্তির জন্য
গ পাকিস্তানি শাসকদের বিতাড়িত করার জন্য
ঘ শোষণমুক্ত সমাজ গড়ে তোলার জন্য

৬. রাজশাহী, পাবনা ও বগুড়া জেলা কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?
ক ৩নং খ ৫নং
গ ৭নং ঘ ৯নং

৭. যেসব বাঙালি নাগরিকগণকে সমৃদ্ধ করেছেন তাদের মধ্যে কাজী নজরুল ইসলাম বিশেষ স্থান অধিকার করে আছেন আপন—
i. স্বতন্ত্রে
ii. উৎকর্ষে
iii. বৈচিত্র্যে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও।
নাজিম দিনাজপুর বেড়াতে গিয়ে একটি পোড়ামাটির মন্দির দেখে।

৮. নাজিমের দেখা মন্দিরটির নাম কী?
ক লোকনাথ মন্দির খ দক্ষিণের মন্দির
গ স্বর্ণমন্দির ঘ কান্তজির মন্দির

৯. উক্ত মন্দিরে কোন কাহিনী ফুটিয়ে তোলা হয়েছে?
ক মহাভারতের খ রামায়ণের
গ চর্যাপদের ঘ মঙ্গলকাব্যের

১০. ★ আধুনিক বাংলা সাহিত্যের ভিত গড়েছিলেন কে?
ক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ মাইকেল মধুসুদন দত্ত

১১. ★ 'কীর্তন গান' কোন বিষয় নিয়ে রচিত?
ক শ্রীকৃষ্ণ ও রাধার কাহিনী
খ পারস্যের কল্পকাহিনী
গ আধুনিক বাংলা সাহিত্য
ঘ পদ্মাবতীর কাহিনী

১২. বেতার মানুষের মনের প্রসার ঘটায়—
i. পারস্পরিক অবহেলা
ii. সাংস্কৃতিবোধ
iii. গণসচেতনতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. নিচের কোনটি গণমাধ্যম?
ক ফেসবুক খ টুইটার
গ ই-মেইল ঘ সংবাদপত্র

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও।
তপু পড়াশোনায় অনেক ভালো। পাশের বাসার মনিরের সাথে তার বন্ধুত্ব হয়, যে কিনা সারাদিন ইন্টারনেট ব্রাউজিং করে। ফলে দুজনে অযথা সময় নষ্ট করে। তপু পড়ালেখায় অমনোযোগী হয়ে ওঠে। এতে তার পরীক্ষার ফল খারাপ হয়।

১৪. ★ উদ্দীপকে তপু পড়াশোনায় অমনোযোগী হয় কীভাবে?
ক বন্ধুত্ব করার ফলে খ সঙ্গীর প্রভাবের ফলে
গ অনুকরণের ফলে ঘ অভিভাবকের ফলে

Teachingbd24.com

১৫. ★ তপুর পড়াশোনায় মনোযোগী হওয়ার জন্য প্রয়োজন—
i. খারাপ বন্ধু ত্যাগ
ii. ভালো সঙ্গীর সংস্পর্শে আসা
iii. পিতামাতা ও বড়দের অনুকরণ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১৬. মাথাপিছু আয় বাড়লে দেশের জনগণের জীবনযাত্রার মান বাড়বে কেন?
ক অর্থনীতিক সমৃদ্ধ হবে বলে
খ জাতীয় উৎপাদন হবে বলে
গ উৎপাদন পদ্ধতি পরিবর্তন হবে বলে
ঘ চাহিদার ভারসাম্য হবে বলে

১৭. জব্বারের দেশের নাগরিকরা সাধারণত এক বছরে যেসব দ্রব্য ও সেবা উৎপাদন করে তার আর্থিক মূল্যের সমষ্টি নিচের কোনটির সাথে সাদৃশ্যপূর্ণ?
ক মোট দেশজ আয়    খ মোট জাতীয় উৎপাদন
গ নিট জাতীয় উৎপাদন    ঘ নিট জাতীয় আয়

১৮. মানুষকে দেশের মানবসম্পদ করার উপযুক্ত শর্ত কোনটি?
ক শ্রমশক্তি সম্পন্ন হওয়া
খ বাকশক্তি সম্পন্ন হওয়া
গ দায়িত্ব সম্পন্ন হওয়া
ঘ দক্ষতা সম্পন্ন হওয়া

১৯. বাংলাদেশের সরকার পদ্ধতিতে নির্বাহী বিভাগের প্রধান কে?
ক রাষ্ট্রপতি    খ প্রধানমন্ত্রী
গ প্রধান বিচারপতি    ঘ আইনমন্ত্রী

২০. দেশের জাতীয় তহবিলের অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করে—
ক আইন বিভাগ    খ শাসন বিভাগ
গ বিচার বিভাগ    ঘ বাংলাদেশ ব্যাংক

২১. ★ পরোক্ষ নির্বাচনের মাধ্যমে চেয়ারম্যান নির্বাচিত হয় কোন স্থানীয় সরকার ব্যবস্থায়?
ক ইউনিয়ন পরিষদে    খ পৌরসভায়
গ সিটি কর্পোরেশনে    ঘ জেলা পরিষদে

২২. ★ কোনো দেশ উন্নয়ন কিংবা অনুন্নত, তা পরিমাপ করা যায় কীভাবে?
ক আয় ও ব্যয় দ্বারা    খ জন্ম ও মৃত্যুহার দ্বারা
গ মাথাপিছু আয় ও জনসংখ্যা দ্বারা
ঘ জনসংখ্যা ও শিক্ষার হার দ্বারা

২৩. ★ বাংলাদেশের জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য কী করা দরকার বলে তুমি মনে কর?
ক জনসংখ্যানীতির কার্যকর প্রয়োগ
খ জনসংখ্যানীতির লক্ষ্য নির্ধারণ
গ জনসংখ্যানীতি গ্রহণ
ঘ মৃত্যুহার বৃদ্ধিকরণ

২৪. মনি'র পরিবার হচ্ছে পিতৃসূত্রীয়। তাদের প্রধান জীবিকা কৃষি এবং তারা দুটি ধর্মের অনুসারী। মনি কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
ক চাকমা    খ গারো
গ সাঁওতাল    ঘ মারমা

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
'ক' স্কুলের শিক্ষার্থীরা টাঙ্গাইলের মধুপুরে শিক্ষা সফরে যায়। সেখানে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সঙ্গে তাদের পরিচয় হয়। এক্ষেত্রে নৃগোষ্ঠীর সমাজব্যবস্থা মাতৃতান্ত্রিক। এরা সাধারণত মান্দি নামে নিজেদের পরিচয় দিতে পছন্দ করে।

২৫. উদ্দীপকে উল্লিখিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর নাম কী?
ক গারো    খ চাকমা
গ সাঁওতাল    ঘ মারমা

২৬. উক্ত নৃগোষ্ঠীর সাংস্কৃতিক বৈশিষ্ট্য হচ্ছে—
i. ঘরবাড়ি বাঁশ ও ছনের তৈরি
ii. সামাজিক উৎসবগুলো কৃষিভিত্তিক
iii. ভাষা আচিক-খুসিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

২৭. কীসের সমন্বয়ে সিমেন্ট উৎপাদিত হয়?
ক চুনাপাথর ও সিলিকা বালি
খ প্রাকৃতিক গ্যাস ও কঠিন শিলা
গ চুনাপাথর ও প্রাকৃতিক গ্যাস
ঘ শ্বেত মৃত্তিকা ও কঠিন শিলা

২৮. প্রকৃতির সম্পদকে কীভাবে মানুষ নিজেদের প্রয়োজনে ব্যবহার করছে?
ক সরাসরি    খ রূপান্তর করে
গ স্থানান্তর করে    ঘ প্রাকৃতিক উপায়ে

২৯. ★ মানুষ আর্থ-সামাজিক ব্যবস্থা গড়ে তুলেছে—
ক মোবাইল ব্যবহার করে
খ টেলিফোন ব্যবহার করে
গ যন্ত্রপাতি ব্যবহার করে
ঘ নতুন নতুন প্রযুক্তি ব্যবহার করে

৩০. সাংগ্রাই উৎসব কোন মাসে উদযাপিত হয়?
ক জানুয়ারি    খ ফেব্রুয়ারি
গ মার্চ    ঘ এপ্রিল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com